যুগান্তর

তারিখ ..21 OCT 2015...
পৃষ্ঠা ...2... কলাম ...৬...

# সিদ্ধান্ত ছাড়াই শেষ বিএমএ-মেডিকেল ভর্তিচ্ছুদের বৈঠক

যুগান্তর রিপোর্ট

মেডিকেল প্রশ্ন ফাঁসের অভিযোগে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ) নেতাদের বৈঠক কোনো সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়েছে। মঙ্গলবার রাতে তোপখানা রোডে বিএমএ কার্যালয়ে এ বৈঠক হয়। বৈঠকে শিক্ষার্থীরা তথ্যপ্রমাণ উপস্থাপনে আরও সময় চান। তবে বিএমএ তা দিতে রাজি হয়নি। বৈঠকে সভাপতিত্ব করেন বিএমএ ঢাকা মহানগর সহসভাপতি আবদুর রউফ সর্দার। বিএমএ সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসানও বৈঠকে ছিলেন। আন্দোলনরত শিক্ষার্থীদের মধ্যে ছিলেন আশফাক, বেহেশতি, সাদমান ও তন্দ্রাসহ পাঁচজন। নাগরিক সমাজের প্রতিনিধিদের মধ্যে লেখক, সাংবাদিক ও প্রবন্ধকার সৈয়দ আবুল মাকসুদ ও সাংবাদিক আবু সাঈদ খান বৈঠকে ছিলেন। এছাড়া স্বাস্থ্য অধিদফতরের কর্মকর্তাও ছিলেন সেখানে। বৈঠক শেষে আবদুর রউফ সর্দার বলেন, আগেরদিন (সোমবার) যারা এসেছিল, আজ (মঙ্গলবার) তারা আসেনি। এছাড়া তারা জানায়, তাদের কাছে প্রমাণ নেই, অন্যজনের কাছে আছে। এ জন্য এগুলো জমা দিতে তিন দিন সময় চায় তারা। তাদের কথায় মনে হয়েছে, আসলে প্রশ্ন ফাসের কোনো প্রমাণ নেই। এর আগে বিএমএ তিন সদস্যের কমিটি গঠন করে। আবদুর রউফ সর্দারের নেতৃত্বে কমিটির অপর দুই সদস্য হলেন— বিএমএর দফতর সম্পাদক ডা. চিত্তরঞ্জন দাস ও কার্যকরী সদস্য মোসাদ্দেক আহমেদ।